

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৩৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মসজিদের কিবলার দিকে থুথু ফেলে, সে মহান আল্লাহকে কষ্ট দেয়, এই মর্মে বর্ণনা

ذِكْنُ إِيذَاءِ اللَّهِ جَلَّ وَعَلَا بِمَنْ بَصَقَ فِي قِبْلَةِ الْمَسْجِدِ

আরবী

1634 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ أَنَّ بَكْرَ بْنَ سَوَادَةَ الْجُذَامِيَّ حَدَّثَهُ عَنْ صَالِحِ بْنِ خَيْوَانَ: عَنِ السَّائِبِ بْنِ خَلَّادٍ أَنَّ رَجُلًا أَمَّ قَوْمًا فَبَصَوَى فِي الْقِبْلَةِ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ فَرَغَ: (لَا يُصلِي اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ فَرَغَ: (لَا يُصلِي اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ فَرَغَ: (لَا يُصلِي لَكُمْ) فَأَرَادَ بَعْدَ ذَلِكَ أَنْ يُصلِي لَهُمْ فَمَنَعُوهُ وَأَخْبَرُوهُ بِقَوْلِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (نَعَمْ) وَحَسِبْتُ أَنَّهُ قَالَ: (إِنَّكَ وَسَلَّمَ فَقَالَ: (نَعَمْ) وَحَسِبْتُ أَنَّهُ قَالَ: (إِنَّكَ وَسَلَّمَ فَقَالَ: (نَعَمْ) وَحَسِبْتُ أَنَّهُ قَالَ: (إِنَّكَ الله)

الراوي: السَّائِب بْن خَلَّادٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1634 | خلاصة حكم المحدث: صحيح حسن - ((صحيح أبي داود)) (501).

বাংলা

১৬৩৪. সাইব বিন খাল্লাদ বলেন, এক ব্যক্তি একটি কওমের ইমামতি করতো। অতঃপর সে কিবলার দিকে থুথু ফেলে আর এসময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার দিকে তাকিয়ে ছিলেন, অতঃপর যখন সে ব্যক্তি সালাত শেষ করলো, তখন তিনি বলেন, "এই ব্যক্তি যেন আর তোমাদের সালাত আদায় না করায়।" পরে সেই ব্যক্তি তাদের ইমামতি করতে গেলে, তারা তাকে নিষেধ করেন এবং তারা তাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কথা জানান। অতঃপর এটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জানানো হয় (আপনি এরকম কথা বলেছেন কিনা), জবাবে তিনি বলেন, "হ্যাঁ।" রাবী বলেন, "আমার ধারণা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেছেন, "নিশ্চয়ই তুমি আল্লাহকে কষ্ট দিয়েছো!"[1]



ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৫৬; আবূ দাউদ: ৪৮১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৫০১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সাইব বিন খাল্লাদ (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন